তারিখ 1 MAY 1998
পৃষ্ঠা ... ... কলাম ... ... ...

33

# ৪ হাজার পরীক্ষার্থী

এদিকে পরীক্ষায় নকল সরবরাহের অভিযোগে পরীক্ষা কেন্দ্র হতে ৬ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। এদের মধ্যে ফরিদপুরের ভাঙ্গা কেন্দ্র হতে ৪ জন ও টাঙ্গাইল মধুপুর কেন্দ্রে ২ জন শিক্ষককে বহিষ্কার করা হয়।

**কুমিল্লা** : আমাদের জেলা প্রতিনিধি রেজাউল করিম শামীম ও নিজস্ব সংবাদদাতা আবুল কাসেম জানান, কুমিল্লা বোর্ডের ১২৮টি কেন্দ্রের মধ্যে ৫৮টি কেন্দ্রে ৫২৬ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এরমধ্যে দাউদকান্দিতে ৭৩ জন, চাটখিলে ২৩ জন, চান্দিনায় ২৯ জন, বসুরহাটে ১৭ জন, দেবীদ্বারে ৬৪ জন, হাটিয়ায় ২৮ জন, মুরাদনগরে ২২ জন, চট্টগ্রাম নর্থে ১ জন, চট্টগ্রাম সাউথে ১ জন, বুড়িচং-এ ১৫ জন, লাকসামে ২৭ জন, কামালপাড়ায় ১৫ জন, খাগড়াছড়িতে ২১ জন, চৌদ্দগ্রামে ১ জন, কুমিল্লায় ৩৯ জন, নোয়াখালী সদরে ৬৩ জন, সেনবাগে ১৩ জন, চৌমুহনীতে ২৩ জন ও রামগড়ে ৪ জন রয়েছে।

রাজশাহী বোর্ডের ৮১টি কেন্দ্রে ১৬৭১ জন পরীক্ষার্থীকে নকল করার অভিযোগে বহিষ্কার করা হয়েছে।

বোর্ড সূত্র জানায়, পরীক্ষা চলাকালীন সময়ে কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি। শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে।

**বগুড়া** : নিজস্ব সংবাদদাতা সরদার মতিউর রহমান জানান, বগুড়া জেলার ১২টি কেন্দ্রে ৬২১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। কোথাও কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি। বগুড়া সদরে ৩৬ জন, শিবগঞ্জে ১৬৯ জন, সোনাতলায় ১৩২ জন, গাবতলীতে ৯৫ জন, নন্দীগ্রামে ১৮ জন, শান্তাহারে ১৬ জন, ধনুটে ৫ জন, শেরপুরে ১৭ জন, সারিয়াকান্দিতে ৩৪ জন, ধুপচাচিয়ায় ৫৫ জন, কাহালুতে ২০ জন এবং আদমদীঘিতে ২৫ জন ছাত্র-ছাত্রীকে অসদুপায় অবলম্বনের অভিযোগে বহিষ্কার করা হয়েছে।

**নরসিংদী** : নিজস্ব সংবাদদাতা হাবিবুল্লা বাহার জানিয়েছেন, নরসিংদী জেলার ৬টি কেন্দ্রের মধ্যে ৫টি কেন্দ্রে ৭৮ জনকে বহিষ্কার করা হয়েছে। এরমধ্যে মনোহরদীতে ৫৮ জন, শিবপুরে ১০ জন, রায়পুরায় ১ জন, পলাশে ৬ জন ও বেলাবোতে ৩ জন রয়েছে।

**নাটোর** : নিজস্ব সংবাদদাতা এস এম মঞ্জুরুল হাসান জানান, শান্তিপূর্ণ পরিবেশে নাটোরের ৭টি কেন্দ্রে এসএসসি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। এতে নকল করার দায়ে ১১ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। এ জেলায় ৪,৪১৯ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করার কথা থাকলেও ১৩৫ জন পরীক্ষার্থী অনুপস্থিত ছিল।

**মেহেরপুর** : নিজস্ব সংবাদদাতা জানান, সদর উপজেলার ৩টি কেন্দ্রে ১২শ' ১৫ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করেছে। এদের মধ্যে ১১ জন অনুপস্থিত ছিলো। ৩টি কেন্দ্র থেকে ৬০ জনকে বহিষ্কার করা হয়েছে।

গাংনি উপজেলার ২টি কেন্দ্রে ৮শ' ৬৮ জন অংশ নেয়। ১ জন অনুপস্থিত ছিল। এখানে বহিষ্কার করা হয়েছে ৬ জন ছাত্র-ছাত্রীকে।

**সিলেট** : আমাদের জেলা প্রতিনিধি খায়রুল আমিন মঞ্জু জানান, এসএসসি পরীক্ষার প্রথম দিনে সদর উপজেলার সিলেট শহরের কাজী জালালউদ্দিন স্কুল কেন্দ্রে নকল সরবরাহকালে জাহিদুজ্জামান নামে এক ব্যক্তিকে পুলিশ গ্রেফতার করে। কুমিল্লা বোর্ডের অধীনে জেলার ১০টি উপজেলায় ১১টি কেন্দ্রে পরীক্ষা গ্রহণ করা হচ্ছে। কোম্পানীগঞ্জ ও গোয়াইনঘাট উপজেলায় কোন কেন্দ্র নেই। মোট পরীক্ষার্থী ৩ হাজার ৯শ' ৭৪ জন।

**সাভার** : নিজস্ব সংবাদদাতা ফিরোজ মাহমুদ জানান, এসএসসি পরীক্ষার প্রথম দিনে অসদুপায় অবলম্বনের অভিযোগে ধামরাই কেন্দ্র থেকে ২ জন ছাত্রীসহ ৯ জন, সাভার কেন্দ্র থেকে ১ জন ছাত্র ও ৪ জন শিক্ষককে বহিষ্কার করা হয়েছে। সাভার পরীক্ষা কেন্দ্রে কতিপয় অভিভাবকের দৌরাত্ম্যে ছাত্র-ছাত্রীদের পরীক্ষায় বিঘ্ন ঘটে এবং পুলিশ ৪ জন অভিভাবককে গ্রেফতার করেছে। জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় স্কুল কেন্দ্র, ক্যান্টনমেন্ট পাবলিক স্কুল কেন্দ্র ও ইকেএসপি স্কুল কেন্দ্রে সুষ্ঠুভাবে পরীক্ষা অনুষ্ঠিত হয়।

**চাঁদপুর** : আমাদের জেলা প্রতিনিধি এ এ এম হেলাল উদ্দিন জানান, চাঁদপুরের ৭টি উপজেলার ১৯টি কেন্দ্রে পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ৯৪ জন এসএসসি পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এরমধ্যে মতলবে ৪৪, কচুয়ায় ২২, শাহরাস্তিতে ১৭, হাজীগঞ্জে ৪, হাইমচরে ৩ এবং চাঁদপুর সদরে ৩ জন রয়েছে। কেন্দ্রগুলোতে মোট ১০ হাজার ২শ' ৫ জন পরীক্ষায় অংশ নিচ্ছে।

**বন্দর (নারায়ণগঞ্জ)** : নিজস্ব সংবাদদাতা ফজলুর রহমান জানান, নারায়ণগঞ্জের ১০টি কেন্দ্রের মধ্যে ৪টি কেন্দ্রে ৩৩ জনকে বহিষ্কার করা হয়েছে। এরমধ্যে নারায়ণগঞ্জে ১ জন, সোনারগাঁয় ৪ জন, আড়াইহাজারে ৮ জন ও রূপগঞ্জে ২০ জন পরীক্ষার্থী রয়েছে।

রূপগঞ্জ (নারায়ণগঞ্জ): আমাদের নিজস্ব সংবাদদাতা আতাউর রহমান জানিয়েছেন, এস এস সি পরীক্ষার ১ম দিনে মুড়াপাড়া পাইলট হাই স্কুল কেন্দ্র হতে নকল করার অভিযোগে ২০ জন ছাত্র-ছাত্রীকে বহিষ্কার করা হয়েছে। পুলিশ নকল সরবরাহের অভিযোগে পবিত্র চন্দ্র নামক এক ব্যক্তিকে গ্রেফতার করেছে। এ কেন্দ্রে ১,৩২৪ জন পরীক্ষার্থী অংশগ্রহণ করার কথা থাকলেও ১২ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নেয়নি। কোথায়ও কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি।

ভালুকা (ময়মনসিংহ): আমাদের সংবাদদাতা শাহ মোহাম্মদ জিয়া উদ্দিন জানান, ভালুকা পাইলট উচ্চ বিদ্যালয় কেন্দ্রে পরীক্ষায় অসদুপায় অবলম্বন করার দায়ে ২৫ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। পরীক্ষা চলাকালীন সময়ে অবৈধভাবে কেন্দ্রে প্রবেশ করায় পুলিশ ১ জনকে গ্রেফতার করে।

কুষ্টিয়া : নিজস্ব সংবাদদাতা সনৎ নন্দী জানিয়েছেন, কুষ্টিয়ার ৬টি কেন্দ্রে ২৩ জন পরীক্ষার্থীকে নকল করার দায়ে বহিষ্কার করা হয়েছে। এখানে ২,৮৪০ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করেছে।

জামালপুর : জেলা প্রতিনিধি এম এ জলিল জানিয়েছেন, শান্তিপূর্ণভাবে এখানে এস এস সি পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। কোথায়ও কোন অপ্রীতিকর ঘটনার খবর পাওয়া যায়নি। ৫টি কেন্দ্রে ১,১২৬ জন ছাত্র ও ১,৭৭২ জন ছাত্রী পরীক্ষায় অংশ নেয়। এ সব কেন্দ্র হতে ২৯ জন পরীক্ষার্থীকে বহিষ্কার কর হয়েছে।

মানিকগঞ্জ : জেলা প্রতিনিধি শাহীন চৌধুরী জানান, পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে ৩২ জনকে বহিষ্কার করা হয়েছে। এদিকে পুলিশ নকল সরবরাহের অভিযোগে ৯ জনকে গ্রেফতার করেছে। মানিকগঞ্জ মডেল হাই স্কুল কেন্দ্রে একজন ছাত্রের বহিষ্কারের প্রতিবাদে ছাত্র-জনতা জটলার সৃষ্টি করলে পুলিশ মৃদু লাঠিচার্জ করে।

সৈয়দপুর (নীলফামারী) : সংবাদদাতা বাবুল কুমার রায় জানান, নীলফামারী জেলায় ১৭টি পরীক্ষা কেন্দ্র হতে ৮৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে নীলফামারী সদরে ২৫ জন. ডোমারে ১১ জন, ডিমলায় ১৬ জন, কিশোরগঞ্জে ২৫ জন, জলকায় ৭ জন রয়েছে। কোথায়ও কোন অপ্রীতিকর ঘটনা ঘটেনি। এ জেলায় ৩,৩৯৩ জন পরীক্ষার্থী পরীক্ষায় অংশ নিয়েছে।

ব্রাহ্মণবাড়িয়া থেকে বাদল গুহ জানান, জেলার ৭টি উপজেলায় এস এস সি পরীক্ষার প্রথম দিনে অসদুপায় অবলম্বনের দায়ে ১০৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। ৭১০৫ জন পরীক্ষার্থীর মধ্যে ৬৭ জন অনুপস্থিত ছিল। জয়পুরহাট থেকে আমাদের সংবাদদাতা জানান, জেলার ৫টি উপজেলার ৬টি কেন্দ্রে গতকালের পরীক্ষায় ১১৫ জনকে বহিষ্কার করা হয়েছে। বহিষ্কৃতদের মধ্যে ৮৬ জন ছাত্র এবং ২৯ জন ছাত্রী। যশোর থেকে অসমর্থিত সূত্রে জানা গেছে, জেলার বিভিন্ন কেন্দ্রে গতকালের পরীক্ষায় দেড় শতাধিক পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে।

দাউদকান্দি থেকে আবদুল মান্নান জানান, এস এস সি পরীক্ষার প্রথম দিনে বাংলা প্রথম ও দ্বিতীয় পত্র পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে দাউদকান্দি কেন্দ্রে ৭৪ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়। এ কেন্দ্রে বাংলা ১ম পত্র পরীক্ষায় ৪৪ জন এবং ২য় পত্র পরীক্ষায় ৩০ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়।